পরিবহন দপ্তর
চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়

স্মারক নং: টি ও/পি-০২৫/৩৯৫৫/২০২৬ তারিখ : ০৮.১১.২০২৬

"সংশোধিত বিজ্ঞপ্তি"

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের সম্মানিত শিক্ষক/কর্মকর্তা ও কর্মচারীদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বর্তমানে বৈশ্বিক পরিস্থিতিতে দেশে ধাপে ধাপে কয়েক দফায় জ্বালানী তেল ও গাড়ির যন্ত্রাংশের মূল্য ব্যাপকভাবে বৃদ্ধি পাওয়ায় চ.বি. গাড়ী ব্যবহারের নতুন নীতিমালা প্রণয়ন ও বাস্তবায়ন না হওয়া পর্যন্ত উপাচার্য মহোদয় চ.বি. পরিবহন দপ্তরের ছোট-বড় গাড়ি ব্যবহারের ভাড়া নিম্নোক্ত নীতিমালা অনুযায়ী কার্যকরের আদেশ প্রদান করেছেন। **এ আদেশ ০৯.১১.২০২৬ তারিখ হতে কার্যকর হবে।**

১. বাস (নন এসি) ৭০ কি.মি. (উভয় পথ) পর্যন্ত ৳ ৬,০০০ (ছয় হাজার) টাকা এবং ৭০ কি.মি. এর অধিক হলে উপাচার্য মহোদয়ের অনুমোদন সাপেক্ষে প্রতি কি.মি. ১০০ (একশত) টাকা হারে ও ০৬ (ছয়) ঘন্টার অতিরিক্ত হলে অবস্থান চার্জ প্রতি ঘন্টা ৫০০(পাঁচশত) টাকা মাত্র।

২. বড় বাসের ক্ষেত্রে বিভাগ, ইনস্টিটিউট, দপ্তর, অফিস, হল এর সেমিনার, সিম্পোজিয়াম, নবীন বরণ ও বিদায় ইত্যাদি অনুষ্ঠানাদিতে রিকুইজিশনকৃত গাড়ির বিল রিকুইজিশনকারীর নিকট হতে ব্যক্তিগত ব্যবহারের ন্যায় আদায় করা হবে।

৩. বাজার বাসের ক্ষেত্রে একপথ প্রতি টিকেট ১৫ টাকার পরিবর্তে ৩০ (ত্রিশ) টাকা মাত্র।

৪. মাইক্রো (নোহা) ও কার প্রতি কি.মি. ৪০(চল্লিশ) টাকা। সর্বনিম্ন ভাড়া ৳ ১,০০০(এক হাজার) এবং ০৫ ঘন্টার অতিরিক্ত হলে অবস্থান চার্জ প্রতি ঘন্টায় ২০০(দুইশত) টাকা মাত্র।

৫. মাইক্রো (হাইচ) প্রতি কি.মি. ৫০(পঞ্চাশ) টাকা। সর্বনিম্ন ভাড়া ৳১,০০০(এক হাজার) এবং ০৫ ঘন্টার অতিরিক্ত হলে অবস্থান চার্জ প্রতি ঘন্টা ২০০(দুইশত) টাকা মাত্র।

৬. মিনিট্রাক, ড্রামট্রাক ও পিকআপ প্রতি কি.মি. ৫৫(পঞ্চান্ন) টাকা। সর্বনিম্ন ভাড়া ৳১,৫০০(এক হাজার পাঁচশত) এবং ০৫ ঘন্টার অতিরিক্ত হলে অবস্থান চার্জ প্রতি ঘন্টা ৩০০(তিনশত) টাকা মাত্র।

৭. চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে চাকুরিতে নিযুক্ত নন এমন ব্যক্তি/ ব্যক্তিবর্গ যদি টিএ,ডিএ প্রাপ্য হন তাদেরকে ক্যাম্পাসের বাহির থেকে আনা নেয়ার জন্য গাড়ি দেয়ার সুযোগ খুবই সীমিত। তবে এক্ষেত্রে যদি গাড়ি ব্যবহার করা হয় তাহলে গাড়ির রিকুইজিশনকারীর নিকট থেকে ন্যূনতম বিমানবন্দর হতে ২,০০০(দুই হাজার) এবং চট্টগ্রাম রেল স্টেশন ও শহরস্থ বিভিন্ন স্থানের বাস টার্মিনাল হতে ১,৫০০(এক হাজার পাঁচশত) টাকা মাত্র ব্যক্তিগত ব্যবহারের ন্যায় কর্তন করা হবে। এছাড়া অন্যত্র যাতায়াতের ক্ষেত্রে ব্যক্তিগত ব্যবহারের ন্যায় ভাড়ার হার প্রযোজ্য হবে।

৮. বিভাগ, ইনস্টিটিউট, দপ্তর, অফিস, হল এর সেমিনার, সিম্পোজিয়াম, নবীন বরণ ও বিদায় ইত্যাদি অনুষ্ঠানাদিতে রিকুইজিশনকৃত গাড়ির বিল কার/মাইক্রো/হাইচ এর ক্ষেত্রে প্রতি কি.মি. ৩০(ত্রিশ) টাকা এবং পিকআপ/মিনিট্রাক/ডাম্প ট্রাক এর ক্ষেত্রে প্রতি কি.মি. ৪০(চল্লিশ) টাকা রিকুইজিশনকারীর নিকট হতে ব্যক্তিগত ব্যবহারের ন্যায় আদায় করা হবে।

৯. রাত্রিকালীন চট্টগ্রাম বটতলী রেল স্টেশনগামী গাড়ির চার্জ এক পথ প্রতি টিকেট ৫০ (পঞ্চাশ) টাকা মাত্র।

বিঃ দ্রঃ পরিবহন পুলের গাড়ি ব্যবহারের ক্ষেত্রে গাড়ির যাবতীয় টোল, পার্কিং চার্জ ও অন্যান্য অতিরিক্ত ব্যয় থাকলে তা রিকুইজিশনকারী বহন করবেন। এছাড়া বিদ্যমান নীতিমালার অন্যান্য শর্তাবলী অপরিবর্তিত থাকবে।

এ ব্যাপারে সকলের আন্তরিক সহযোগিতা কামনা করছি।

ধন্যবাদান্তে,

স্বাক্ষরিত/-
প্রশাসক
পরিবহন দপ্তর, চ.বি.

স্মারক নং: টি ও/পি-০২৫/৩৯৫৫(১৫০)/২০২৬ তারিখ : ০৮.১১.২০২৬

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলো: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

০১। রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত), চ.বি.।
০২। ডিন, সকল অনুষদ, চ.বি.।
০৩। প্রভোস্ট সকল হল, চ.বি. এবং ওয়ার্ডেন, শিল্পী রশিদ চৌধুরী হোস্টেল, চ.বি.।
০৪। হিসাব নিয়ামক (ভারপ্রাপ্ত), চ.বি.।
০৫। ডেপুটি রেজিস্ট্রার, উপাচার্য দপ্তর, চ.বি. (উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য)।
০৬। ডেপুটি রেজিস্ট্রার, উপ-উপাচার্য (প্রশাসন) দপ্তর, চ.বি. [উপ-উপাচার্য (প্রশাসন) মহোদয়ের সদয় অবগতির জন্য]।
০৭। সহকারী রেজিস্ট্রার, উপ-উপাচার্য (একাডেমিক) দপ্তর, চ.বি. [উপ-উপাচার্য (একাডেমিক) মহোদয়ের সদয় অবগতির জন্য]।
০৮। সভাপতি/পরিচালক, সকল বিভাগ/ইনস্টিটিউট/কেন্দ্র, চ.বি.।
০৯। প্রক্টর, চ.বি.।
১০। সকল অফিস প্রধান (সকল প্রশাসকসহ), চ.বি.।
১১। পরিচালক, ছাত্র-ছাত্রী পরামর্শ ও নির্দেশনা, চ.বি.।
১২। অধ্যক্ষ, চ.বি. ল্যাবরেটরি স্কুল এন্ড কলেজ।
১৩। পরিচালক, আইসিটি সেল, চ.বি. (ওয়েব সাইটে প্রচারের অনুরোধসহ)।
১৪। সভাপতি/সাধারণ সম্পাদক, শিক্ষক সমিতি, চ.বি.।
১৫। সভাপতি/সাধারণ সম্পাদক, অফিসার/কর্মচারী সমিতি ও কর্মচারী ইউনিয়ন, চ.বি.।
১৬। পরিচালক, চাকসু কেন্দ্র, চ.বি.।
১৭। বিজ্ঞপ্তি ফলক (পরিবহন দপ্তর, চ.বি.)।
১৮। নথি।

০৮/১১/২০২৬
সহকারী রেজিস্ট্রার
পরিবহন দপ্তর, চ.বি.